D:\01 Office work\Forwarding-18.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১১২.১৯.১১১৯

তারিখঃ ০৭-০৬-১৪২৬ বঙ্গাব্দ
২২-০৯-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর,২০১৯) পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের দপ্তর/সংস্থার নির্ধারিত ছক মোতাবেক ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর,২০১৯) পরিবীক্ষণ প্রতিবেদন আগামী ০১/১০/২০১৯ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি (ই-মেইল: csmoys66@gmail.com) এ মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্ধারিত ছক এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্সে পাওয়া যাবে।

০২। এছাড়াও ১০ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২২/০৯/২০১৯

(মোঃ ফজলে এলাহী)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২২
ইমেইল: (csmoys66@gmail.com)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা।
৩। পরিচালক (অতিরিক্ত সচিব), ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট/যুব-১/যুব-২/ক্রীড়া-১/ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি : | ড. মোঃ জাফর উদ্দীন<br>ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ : | ১০ জুলাই, ২০১৯ খ্রি: |
| সময় : | বিকাল-০৩:০০ ঘটিকা |
| স্থান : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সমন্বয়) গত ০৭ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি মন্ত্রণালয়সহ সকল দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিদেরকে সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতার চর্চা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে মর্মে সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি বিগত ০৭-০৪-২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ, বিকেএসপি ও ক্রীড়া পরিদপ্তরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অত:পর যুগ্মসচিব (সমন্বয়) মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯-এর চতুর্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন, ২০১৯) প্রতিবেদন ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এবং ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সকল সভার নোটিশ সংশ্লিষ্ট শাখা কর্তৃক অবশ্যই মন্ত্রণালয়ের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করতে হবে। মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাদেরকে নিয়মিতভাবে ওয়েবসাইট এবং ই-মেইল চেক করতে হবে।

(খ) চলতি অর্থ-বছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সকল ব্যক্তিগত কর্মকর্তাদেরকে কম্পিউটার প্রদানের জন্য প্রশাসন অনুবিভাগ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(গ) ই-নথির কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ইন্টারনেটের গতি (Speed) ১০০-এমবিপিএস পর্যন্ত বৃদ্ধি করতে হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সার্ভারে ইন্টারনেটের গতি (Speed) কম থাকায় গতি (Speed) বাড়ানোর জন্য প্রশাসন অনুবিভাগ হতে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।

(চলমান পাতা/০২)

(ঘ) জাতীয় ক্রীড়া পরিষদের বিদ্যুৎ, পানি ও জ্বালানীর সকল বকেয়া বিল চলতি অর্থ-বছরের মধ্যে পরিশোধ করার জন্য অর্থ বিভাগ হতে প্রয়োজনীয় বাজেট সংগ্রহের জন্য জাতীয় ক্রীড়া পরিষদ ও এ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঙ) দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ভিডিও কনফারেন্স পরিচালনা করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ/ক্রয়ের নিমিত্ত এ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ কর্তৃক জাতীয় ক্রীড়া পরিষদ, বিকেএসপি, ক্রীড়া পরিদপ্তর, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন-কে চলতি অর্থ-বছরে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(চ) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের কর্মপরিধিতে নতুন নতুন কার্যক্রম সংযোজন ও বিদ্যমান কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য ফাউন্ডেশনের নীতিমালা হালনাগাদ করার লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেক-হোল্ডার নিয়ে ফাউন্ডেশন কর্তৃক আগামী ০১ (এক) মাসের মধ্যে একটি কর্মশালার আয়োজন করতে হবে।

(ছ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯-এর চতুর্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন/২০১৯) প্রতিবেদন এবং ২০১৮-২০১৯ এর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন জরুরিভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

(জ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রস্তুতকৃত ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় অনুমোদিত হয় এবং উক্ত কর্ম-পরিকল্পনা এ মন্ত্রণালয়ের সকল শাখা কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১০-০৭-২০১৯
(ড. মোঃ জাফর উদ্দীন)
ভারপ্রাপ্ত সচিব

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭ (অংশ-১).৯৬৯ তারিখ: ১৪ জুলাই ২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট, সাভার, ঢাকা।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, ঢাকা।
৭। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৮। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৯। উপসচিব (সকল)/উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটের নোটিশ বোর্ড ও শুদ্ধাচার সেবাবক্সে আপলোড ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৪/০৭/১৯
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৫০২২